

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলাভূমি অফিস
মান্দা, নওগাঁ

(acl.manda.naogaon.gov.bd)

স্মারক নম্বর : ৩১.৪৩.৬৪৪৭.০০০.০২.০০৫.২৫- ২০২৫

তারিখ: ১৭/০৬/২০২৫খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন মান্দা-কুশুম্বা ইউনিয়ন ভূমি অফিসের অন্তর্গত সামুকখোল মৌজায় অবস্থিত বুড়িদহ রথযাত্রা মেলা ১৪৩২ সনের জন্য আগামী ১৭/০৬/২০২৫ ইং তারিখ বেলা ১০:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার মান্দা, নওগাঁ এর সম্মেলন কক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। ধার্য তারিখে যথা সময়ে ইচ্ছুক/আগ্রহী ব্যক্তিগণকে ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ডাকের শর্তাবলী:-

০১. সর্বোচ্চ ডাককারীকে ডাক শেষে ঐদিনই ডাকের সমুদয় টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তীতে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
০২. ডাককারীকে ডাককৃত মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রদান করতে হবে।
০৩. প্রত্যেক ডাককারীকে ডাকের দিন বেলা ১১:০০ ঘটিকার মধ্যে জামানতের টাকা ডিডি/পে-অর্ডার ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকা সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁ এর অনুকূলে জমা দিয়ে নাম অন্তর্ভুক্ত করতে হবে।
০৪. মেলায় কোন যাত্রা-গান, সার্কাস, পুতুল নাচ বা অন্যান্য অশ্লীল কিছু প্রদর্শন করা যাবে না মর্মে ৩০০/-টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা করতে হবে। চুক্তির শর্ত ভঙ্গ করা হলে তাৎক্ষণিক মেলার সকল কার্যক্রম বন্ধ করা হবে।
০৫. মেলার আইন শৃংখলা পরিস্থিতি মেলা ডাককারীকে নিজস্ব কর্মী দ্বারা নিয়ন্ত্রণ করতে হবে।
০৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন ডাকগ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
০৭. আগামী ১২ ই আষাঢ়/১৪৩২ বঙ্গাব্দ হতে ২০ ই আষাঢ়/১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত (২৬ ই জুন/২০২৫ হতে ০৪ ই জুলাই/২০২৫ ইং) পর্যন্ত ০৯ দিন ব্যাপি মেলা অনুষ্ঠিত হবে।
০৮. মেলায় আমদানী নিষিদ্ধ বা অবৈধ কোন পণ্য আমদানী, প্রদর্শন, বিক্রয় করা যাবে না।
০৯. মেলার সকল কার্যক্রম সন্ধ্যা ০৭ ঘটিকার মধ্যে শেষ করতে হবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতিনীতি পরিপন্থী কোন অনুষ্ঠান প্রচার করা যাবে না।
১১. মেলায় কোন প্রকার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়, র্যাফেল ড্র, হাউজি, লটারী, জুয়া খেলাসহ কোন ধরনের অশ্লীল নাচ-গান, অবৈধ কার্যকলাপ পরিচালনা করা যাবে না।
১২. মেলা আয়োজনের নিমিত্ত প্রয়োজনীয় জমি/মাঠ ব্যবহারের জন্য আয়োজক ডাককারীকে নিজ খরচে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে অনুমতি গ্রহণ করতে হবে।
১৩. মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষ মেলা চলাকালীন মেলা পরিচালনাকারী কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকেই মেলা বন্ধ করার এখতিয়ার সংরক্ষণ করেন।

মোঃ শাহ আলম মিয়া
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)
মান্দা, নওগাঁ

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ-

০১. জেলা প্রশাসক, নওগাঁ।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ।